

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**  
**হাইকোর্ট বিভাগ**  
(২০২৬ ইং সনের ১৬৮ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ২৪ জুন ২০২৬ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চ গঠন করা হইল :

১.

**বিচারপতি মোঃ তৌফিক ইনাম**

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য অতীব জরুরী আদিম অধিক্ষেত্রাধীন বিষয়; সাকসেশন আইন, ১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যতিরেকে মৃত ব্যক্তির বিষয়বস্তুর অধিক্ষেত্র; বিবাহ বিচ্ছেদ আইন, ১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয়সহ এ্যাডমিরেলটি কোর্ট আইন, ২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ২০০৯ ইংসনের ট্রেডমার্ক আইনের অধীন আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ ইং সনের কোম্পানী আইন অনুযায়ী আবেদনপত্র; ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ ইং (১৯৯১ ইং সনের ১৪ নং আইন) অনুযায়ী আবেদনপত্র; সালিশ আইন, ২০০১ (২০০১ ইং সনের ১ নং আইন) অনুযায়ী আপীল ও আবেদনপত্র; বীমা আইন, ২০১০ ইং অনুযায়ী আপীল ও তৎসংক্রান্ত আবেদনপত্র গ্রহণ করিবেন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

**স্বাঃ-**

বাংলাদেশের প্রধান বিচারপতি

তারিখঃ ২৩ জুন ২০২৬ খ্রি.।

**প্রচারের জন্যঃ**

১.

বিচারপতি মোঃ তৌফিক ইনাম